

পোড়া মাটির ঘোড়া

রথীন্দ্রনাথ ভৌমিক

এক নিদারুণ নষ্ট সময় দাপায় চরাচরে
চুনৌতি দেয় অবক্ষয়ের অশ্বমেধের ঘোড়া
সব পদাতিক ছত্রভঙ্গ রণাঙ্গন ছেড়ে
বিশ্বরূপের দর্শনেও প্রাণের নেই সাড়া
দাঁড়িয়ে আছে বীর পদাতি তূনীর শূন্য করে।
অসহ্য এক নষ্ট সময় দাপায় চরাচরে
দেখছি যত বুকের ভেতর ভাঙছে আড়ামোড়া
খাণ্ডবরণদহনকারী তৃতীয় পাণ্ডব—
যত্নে খোঁজে তূনীরে তুণ সাজিয়ে দেখি, এ কী,
অশ্ব কোথায়! পোজ দিচ্ছে পোড়া মাটির ঘোড়া।